

সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন
নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প
ইসলামিক ফাউন্ডেশন
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-১৬.০১.০০০০.০৩৮.০৫.০১২.২০২০.৮০৮

তারিখ : ২২ এপ্রিল ২০২১

HTI Surgical
14/1, Mirpur Road,
Shyamoly,Dhaka-1207.

বিষয় : প্রকল্পের অন্তর্গত রেডিওলজী এন্ড ইমেজিং- মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহের নিমিত্তে কার্যাদেশ প্রদান প্রসঙ্গে।

সূত্র : অত্র অফিসের স্মারক নং-১৬.০১.০০০০.০৩৮.০৫.০১২.২০২০.৩৭৮৬ তারিখ :-১১/০৪/২০২১ খ্রি.

উপরোক্ত বিষয় ও সূত্র মোতাবেক সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বায়তুল মোকাররম ইসলামিক মিশন ডায়াগনস্টিক সেন্টার এর জন্য প্যাকেজ ০৮(আট) লট ০১(এক) এর অধীন রেডিওলজী এন্ড ইমেজিং- মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকল্প দপ্তর কর্তৃক গৃহীত হয়েছে। রেডিওলজী এন্ড ইমেজিং-মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহকারী ঠিকাদার হিসেবে ২১/০৪/২০২১ খ্রি. তারিখ প্রকল্পে কর্তৃপক্ষের সাথে ৩০০.০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হওয়ায় দরপত্রের শর্তানুসারে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে আপনার নামে এ কার্যাদেশ জারী করা হলো:

SL.No:	Description of Item	Qty.	Model no.	Country	Unit Price	Total Price
1.	ECG Machine-12 Channel	1	EUROECG 12View	Italy	220000	2,20,000.00

Total Contract Price (BD) Taka 2,20,000/- (Two Lakh Twenty Thousand) only.

শর্তাবলী :

- এ কার্যাদেশে দরপত্রের ও সম্পাদিত চুক্তিপত্রের সকল শর্তাবলী প্রযোজ্য হবে। দরপত্র এবং চুক্তিপত্রের উল্লিখিত সেবা প্রদানে ব্যর্থ হলে দরপত্র ও চুক্তিপত্রের শর্ত মোতাবেক আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ কার্যাদেশে বর্ণিত আইটেমসমূহ মোতাবেক মোট ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার যন্ত্রপাতি দরপত্রের বর্ণনা এবং গৃহীত কারিগরি বিবরণী (Technical Specification) মোতাবেক ২১ এপ্রিল, ২০২১ খ্রি. তারিখের চুক্তি অনুযায়ী আগামী ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখের মধ্যে বায়তুল মোকাররম ইসলামিক মিশন ডায়াগনস্টিক সেন্টার এ সরবরাহ, সংযোজন, স্থাপন ও কমিশনিং এবং কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
- যন্ত্রপাতি সরবরাহের পর মালামাল গ্রহণ কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করার পর সন্তোষজনক বিবেচিত হলে, উহা গ্রহণ করা হবে। সরবরাহকৃত যন্ত্রপাতি সার্ভে কমিটি কর্তৃক প্রত্যাখ্যাত হলে তাৎক্ষণিকভাবে নিজ দায়িত্বে ফেরৎ নিতে হবে। এ জন্য অত্র অফিস কোনভাবে দায়ী থাকবে না।
- দরপত্র তফসিলে বর্ণিত অন্যান্য শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।
- এ কার্যাদেশ বর্ণিত রেডিওলজী এন্ড ইমেজিং-মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহের সময় সরবরাহকৃত যন্ত্রপাতির সাথে অবশ্যই ০৩(তিন) কপি চালান ও বিল দাখিল করতে হবে।
- কার্যাদেশে বর্ণিত যন্ত্রপাতি ১০০% সরবরাহ নিশ্চিত করতে ব্যর্থ হলে বিল পরিশোধ করা হবে না।
- এ কার্যাদেশের বিপরীতে দাখিলকৃত বিল হতে সরকারী প্রচলিত নিয়মানুযায়ী প্রযোজ্য হারে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ওয়্যারেন্ট পিরিয়ড শেষ না হওয়া পর্যন্ত পারফরমেন্স সিকিউরিটি বাবদ অর্থ (পে-অর্ডার) অত্র দপ্তরে জমা থাকবে।
- এ কার্যাদেশে কোন ভুল পরিলক্ষিত হলে পরবর্তীতে তা সংশোধন বা সংশোধিত নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড এবং কন্ট্রাক্ট এগ্রিমেন্ট জারি করার ক্ষমতা অথবা সম্পূর্ণ আদেশ বাতিল করার ক্ষমতা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

Prabhu
22-4-2021,

(ডা: এ, কে, এম বদরুল আহসান)

প্রকল্প পরিচালক

ফোন :-৮১৮১৩৬২

Email : smkm.project@gmail.com

স্মারক নং-১৬.০১.০০০০.০৩৮.০৫.০১২.২০২০.৮০৮(৩)

তারিখ : ২২ এপ্রিল ২০২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। পরিচালক, আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন (বর্ণিত কার্যাদেশটি ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। একান্ত সচিব মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংশ্লিষ্ট নথি/গাড ফাইল।